37911 - নারীদের জন্য নিজ ঘরে ইতিকাফ করা শুদ্ধ নয়

প্রশ্ন

নারীর জন্য তার নিজ ঘরে ইতিকাফ করা কি জায়েয আছে? যদি জায়েয হয় সেক্ষেত্রে তার যদি রান্নাবান্না করার প্রয়োজন পড়ে, তখন কি করবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

মসজিদের বাইরে ইতিকাফ করলে সেটা শুদ্ধ হবে না।কারণআল্লাহতাআলাবলেছেন:"আর তোমরা মসজিদে ইতিকাফরতঅবস্থায় স্ত্রীদের সাথে মিলিতহয়োনা।"[২ আল-বাক্বারাহ:১৮৭] এই হুকুম পুরুষওনারী উভয়ের জন্যই সমানভাবে প্রযোজ্য।

ইবনেক্বুদামাহ'আল-মুগনী' গ্রন্থে (৪/৪৬৪)বলেছেন:

"একজননারীযে কোনো প্রকারেরমসজিদেইতেকাফকরতেপারেন। সেটা পাঞ্জেগানা মসজিদতথা পাঁচ ওয়াক্ত নামাযের জামাত হয় এমন মসজিদ হওয়া শর্তনয়।কারণজামাতে নামায আদায় করা নারীর জন্যবাধ্যতামূলকনয়।"ইমাম শাফেয়ী (রহঃ)ওএইঅভিমতপোষণকরেছেন।

নারীর জন্য তার নিজ ঘরেইতেকাফকরারকোনো বিধাননেই। কারণআল্লাহতাআলা বলেছেন: "আর তোমরা মসজিদে ইতিকাফরতঅবস্থায় স্ত্রীদের সাথে মিলিতহয়োনা।"[২ আল-বাক্বারাহ :১৮৭]

এছাড়া রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের স্ত্রীগণ তাঁর কাছে মসজিদে ইতিকাফকরারঅনুমতিচান এবংতিনিতাঁদেরকেঅনুমতিদেন। সমাপ্ত

"আলমাজমূ" (৬/৪৮০) গ্রন্থেইমাম নববীবলেছেন:

"নর-নারীকারোজন্যমসজিদেরবাইরেইতিকাফকরাশুদ্ধনয়।"সমাপ্ত

"আশ-শারহুআল-মুমতি" (৬/৫১৩) গ্রন্থেএটাই হচ্ছে শাইখ উছাইমীনের নির্বাচিতঅভিমত।

আল্লাহইসবচেয়ে ভালোজানেন।